



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৬/১১/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক কুখ্যাত আসামী গ্রেফতার এবং হারাগাছ
থানা পুলিশ কর্তৃক ১৬০ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ০১ জন আসামী গ্রেফতার



ঘটনা-১



ঘটনা-২

ঘটনা-১ঃ

অদ্য ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখে গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক কোতয়ালী থানা এলাকায় অভিযান পরিচালনা করে বহুল আলোচিত সোহেল হত্যা এবং প্রকাশ্য দিবালোকে ছিনতাইসহ একাধিক মামলার আসামী মোঃ ফুয়াদ আহম্মেদ কনক (২৫) গ্রেফতার।

অদ্য ১৫/১১/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে ইন্সপেক্টর (নিঃ) এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই(নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলামসহ কোতয়ালী থানা এলাকায় অভিযান চালিয়ে উক্ত থানাধীন রংপুর গনেশপুর ক্লাবের মোড় পানির ট্যাংকির সামনে উক্ত আসামী মোঃ ফুয়াদ আহম্মেদ কনক (২৫), পিতা- মোঃ হামিদুজ্জামান, সাং- মুন্সি পারা কবরস্থান, থানা- কোতয়ালী, ওয়ার্ড নং ১৮, আরপিএমপি, রংপুর কে গ্রেফতার করা হয়। উক্ত আসামীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

ঘটনা-২ঃ

গত ১৫/১১/২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন হারাগাছ থানা পুলিশ কর্তৃক উক্ত থানাধীন কামারদহ সাকিনছ জৈনিক আজিজার রহমান এর বসত বাড়ীর সামনে নয়া বাজার টু হাজীর বাজার গামী কাচা রাস্তার উপর থেকে ১৬০ বোতল ফেন্সিডিল (মূল্য অনুমান ১,৬০,০০০/- একলক্ষ ষাট হাজার টাকা) উদ্ধারসহ আসামী মোঃ মোজাম্মেল হক (৩৬), পিতা-মৃত বক্তার আলী, সাং-দেওডোবা (বিন্যাগাড়ী), থানা- আদিতমারী, জেলা-লালমনিরহাট-কে গ্রেফতার করা হয় এবং গ্রেফতারকৃত আসামীসহ পলাতক আসামী মোঃ আব্দুর রহিম (৪০), পিতা- মোহাম্মদ আলী, মাতা-মোছাঃ হালিমা খাতুন, সাং-মহিষখোচা, থানা-আদিতমারী, জেলা-লালমনিরহাট এবং অজ্ঞাতনামা ০২ (দুই) জন আসামীর বিরুদ্ধে হারাগাছ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬(১) সারণি ১৪(গ)/৪১ ধারায় মামলা রুজু করা হয়।



১৬.১১.২০২০

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৭২০-০৭৩৬৬১